গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-২০ (উন্নয়ন-১)
Web: www.moedu.gov.bd

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত উদ্যোগ:৪ 'শিক্ষা সহায়তা কার্যক্রম' এর ব্রান্ডিং সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সোহরাব হোসাইন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ০৭ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ।
সময় : দুপুর ১২.৩০মিনিট।
স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন ১) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত উদ্যোগ:৪ 'শিক্ষা সহায়তা কার্যক্রম' এর ব্রান্ডিং বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

২.০ সভাকে অবহিত করা হয় যে, 'শিক্ষা সহায়তা কার্যক্রম' এর ব্রান্ডিং বিষয়ে একটি লাগসই শ্লোগান নির্বাচনের জন্য আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসারে প্রাথমিকভাবে নির্বাচিত তিনটি শ্লোগান মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী 'শিক্ষা সহায়তা কার্যক্রম' ব্রান্ডিং এর জন্য নিয়োক্ত শ্লোগানটি সদয় অনুমোদন করেছেন:

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ*
*শেখ হাসিনার বাংলাদেশ"*

৩.০. Communication Strategy অনুসারে নির্বাচিত শ্লোগানটির প্রচারণা কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা নিম্নরূপ:

| ক্র: নং | বিষয় | প্রচারণার কৌশল | বাস্তবায়নকারী | সহায়ক মন্ত্রণালয়/সংস্থা |
|---|---|---|---|---|
| ১. | শ্লোগান প্রচার | শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং তাদের আওতাধীন সকল দপ্তর সংস্থার দাপ্তরিক যোগাযোগ এবং খাম/প্যাড প্রভৃতিতে শ্লোগান ব্যবহার। | শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং তাদের আওতাধীন সকল দপ্তর সংস্থা। | - |
| ২. | বিনামূল্যে বই বিতরণ | বই উৎসবের ডকুমেন্টারি ফিল্ম/ Promotional, পোস্টার ও লিফলেট;<br>ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;পাঠ্য বইয়ের পিছনে ব্রান্ডিং সংক্রান্ত শ্লোগান মূদ্রণ। | এন.সি.টি.বি, মা.উ.শি. অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | তথ্য মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি বেতার ও টেলিভিশন ও সংবাদ সংস্থা |
| ৩. | উপবৃত্তি | ডকুমেন্টারী ফিল্ম ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;<br>লিফলেট/ বিলবোর্ড; | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপবৃত্তি সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক। | ঐ |
| ৪. | শিক্ষা ক্ষেত্রে ডিজিটালাইজেশন: সমন্বিত শিক্ষা তথ্য ব্যবস্থাপনা, অনলাইন ব্যবস্থাপনায় এম.পি.ও. প্রদান প্রভৃতি। | সভা ও সেমিনার, অডিও -ভিজুয়াল ডকুমেন্টারি ফিল্ম<br>ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | ব্যানবেইজ, মা.উ.শি. অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। | ঐ |
| ৫. | সৃজনশীল মেধা অন্বেষণ | বিশেষ দিবস হিসাবে উদযাপন;<br>ক্রোড়পত্র প্রকাশ; ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | মা.উ.শি. অধিদপ্তর | ঐ |
| ৬. | সৃজনশীল প্রশ্ন পদ্ধতি প্রবর্তন | ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | মা.উ.শি. অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ঐ |
| ৭. | পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি | অডিও –ভিজুয়াল ডকুমেন্টারি;<br>সভা ও সেমিনার; ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | সেকায়েপ/<br>মা.উ.শি. অধিদপ্তর | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | বেসরকারি প্রতিষ্ঠানে মেধার ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে শিক্ষক নিয়োগ | সভা ও সেমিনার;<br>ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | এন.টি আর. সি. এ.<br>মা.উ.শি. অধিদপ্তর | ঐ |
| ৯. | শিক্ষা ক্ষেত্রে বিশেষ পরিচর্যা (অতিরিক্ত ক্লাশ) | ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | সেকায়েপ, মা.উ.শি. অধিদপ্তর | ঐ |
| ১০. | পেশাগত দক্ষতা উন্নয়নে দেশে-বিদেশে প্রশিক্ষণ | সভা ও সেমিনার;<br>কেস স্টাডি ভিত্তিক ডকুমেন্টারি ফিল্ম/ Promotional, পোস্টার, ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | নায়েম, মা.উ.শি. অধিদপ্তর, ইউ.জি.সি., বি. এম. টি.টি. আই., টি.টি.সি. ও এইচ.এস.টি.টি.আই. | ঐ |
| ১১. | কারিগরি শিক্ষার প্রসার | ডকুমেন্টারি ফিল্ম/ Promotional/ পোস্টার ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; বিলবোর্ডের মাধ্যমে প্রচার | কারিগরি শিক্ষা অধিদপ্তর, STEP | ঐ |
| ১২. | উচ্চশিক্ষা প্রসার ও গুণগতমান বৃদ্ধি | বিষয়/খাতভিত্তিক উন্নয়ন তথ্য সম্বলিত বিশেষ প্রকাশনার মাধ্যমে দেশে ও দেশের বাইরে প্রচারণা। | SEQAEP, HEQEP, মা.উ.শি. অধিদপ্তর, UGC | ঐ |
| ১৩. | জাতীয় শিক্ষানীতি ২০১০ | সভা ও সেমিনার, ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার। | শিক্ষা মন্ত্রণালয় | ঐ |
| ১৪. | স্কুল ফিডিং কর্মসূচি | ডকুমেন্টারি ফিল্ম, Promotional, পোস্টার ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, SEQAEP, মা.উ.শি. অধিদপ্তর | ঐ |
| ১৫. | শিক্ষা ক্ষেত্রে অবকাঠামো উন্নয়ন | ডকুমেন্টারি ফিল্ম/ Promotional ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার; | ই.ই.ডি. | ঐ |
| ১৬. | আধুনিক ও সময়োপযোগী কারিক্যুলাম প্রণয়ন | বেতার ও টেলিভিশন এবং প্রিন্ট মিডিয়ায় প্রচার। | এন.সি.টি.বি.<br>মা.উ.শি. অধিদপ্তর | ঐ |
| ১৭. | মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন | সভা ও সেমিনার;/ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;/ ক্যালেন্ডার, পোস্টার। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ঐ |

৪.০ **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৪.১ শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এদের আওতাধীন সকল দপ্তর সংস্থার দাপ্তরিক যোগাযোগ এবং খাম-প্যাড প্রভৃতিতে প্রধানমন্ত্রীর উদ্ভাবনী উদ্যোগ-৪ *'শিক্ষা সহায়তা কার্যক্রম'* ব্রান্ডিং এর জন্য নির্বাচিত শ্লোগান *"শিক্ষা নিয়ে গড়ব দেশ/শেখ হাসিনার বাংলাদেশ"* ব্যবহার করা হবে।

৪.২ এখন থেকে নির্বাচিত শ্লোগানটি সকল পাঠ্যবইয়ের প্রদর্শিত স্থানে মুদ্রণ করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং এন.সি.টি.বি. এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

৪.৩ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর, সংস্থা, প্রকল্প অনুচ্ছেদ ৩ এ বর্নিত তার অধিক্ষেত্রের বিষয়ে প্রচারণার জন্য আর্থিক সংশ্লেষ, অর্থের উৎসসহ সুনির্দিষ্ট সময়াবদ্ধ পরিকল্পনা প্রস্তাব আকারে অনধিক দুই সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৪.৪ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিষয়গুলোর প্রচারণার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে এবং গৃহীত কার্যক্রম বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত রাখবে।

৪.৫ *'শিক্ষা সহায়তা কার্যক্রম'* ব্রান্ডিং এর জন্য নির্বাচিত শ্লোগানের অন্তর্নিহিত মর্ম ধারণ করে একটি উপযুক্ত লোগোর ডিজাইন উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে আহবান করা হবে। একইসাথে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এদের আওতাধীন দপ্তর, সংস্থা, প্রকল্প স্ব-উদ্যোগে বর্ণিত লোগোর ডিজাইন সফট কপিসহ অনধিক দুই সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

সোহরাব
২৬.০৮.২০১৬

(মো: সোহরাব হোসাইন)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়